

আইআইএমসি ইন্টার্নদের মাসে গড় ভাতা ১.৬৫ লক্ষ

নিজস্ব সংবাদদাতা

অনিশ্চিত বাজারে ঠাসা উদ্বেগ। তবে তার মধ্যেও দু'বছরের এমবিএ পাঠ্যক্রমের ৪৬৬ জন পড়ুয়াকেই গ্রীষ্মকালীন শিক্ষানবিশির (সামার ইন্টার্নশিপ) সুযোগ দিল ইন্ডিয়ান ইনস্টিটিউট অব ম্যানেজমেন্ট-কলকাতা (আইআইএমসি)। প্রতিষ্ঠানটি জানিয়েছে, পড়ুয়ারা মাসে

গড় ভাতা পাবেন ১.৬৫ লক্ষ টাকা। প্রথম ২৫ পার্সেন্টাইলের ক্ষেত্রে তা ২.৩১ লক্ষ। সর্বোচ্চ অঙ্ক ৩.৭৫ লক্ষ টাকা। বর্তমানে অর্থনীতির কঠিন পরিস্থিতির মধ্যে দাঁড়িয়ে যা উল্লেখযোগ্য বলে মনে করছে সংশ্লিষ্ট মহল।

আইআইএমসি কর্তৃপক্ষের দাবি, বিভিন্ন ধরনের ক্ষেত্র থেকে মোট ৫১৩টি শিক্ষানবিশির প্রস্তাব

পেয়েছিলেন পড়ুয়ারা। যার অর্থ, পড়ুয়া পিছু একটিরও বেশি প্রশিক্ষণের প্রস্তাব এসেছে ম্যানেজমেন্ট শিক্ষার অন্যতম সেরা এই প্রতিষ্ঠানে। উল্লেখ্য, ম্যানেজমেন্ট পড়ুয়ারা প্রথম বছরের শেষে বিভিন্ন সংস্থায়, মূলত কর্পোরেট জগতে পরিচালনার কাজের হাতে-কলমে প্রশিক্ষণ পান। এই সুযোগই ইন্টার্ন। শিক্ষার্থীর কাছে তো বটেই, দক্ষ কর্মীর চাহিদা মেটাতে শিল্পের জন্যও

এই অধ্যায় গুরুত্বপূর্ণ। প্রতিষ্ঠানের চেয়ারপার্সন (প্লেসমেন্ট) অধ্যাপক নিমরুজ্জি প্রসাদ এক প্রশ্নের উত্তরে জানিয়েছেন, কর্পোরেটের পাশাপাশি লাভজনক নয় এমন সংস্থা (যেমন শিক্ষা প্রতিষ্ঠান) এবং বিভিন্ন স্টার্ট আপ বা নতুন সংস্থাতেও (যেমন ফিনটেক, ই-কমার্স ইত্যাদি) এই প্রশিক্ষণের সুযোগ পেয়েছেন অনেকে।